

“আত্মকর্মী যুব শক্তি, টেকসই উন্নয়নের মূলভিত্তি”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহাপরিচালকের কার্যালয়

যুব উন্নয়ন অধিদপ্তর

১০৮, মতিঝিল, বা/এ, ঢাকা-১০০০।

www.dyd.gov.bd

স্মারক নং-৩৪.০১.০০০০.০৩৮.৩৬.০৪৮.২০১৪-৮০০

তারিখঃ ২৬ অগ্রহায়ণ, ১৪২৪বং  
২০ ডিসেম্বর, ২০১৭খ্রিঃ

বিষয়ঃ যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে ব্যাপক প্রযুক্তি নির্ভর সমন্বিত সম্পদ ব্যবস্থাপনা (২য় পর্যায়)” [Integrated Management of Resources for Poverty Alleviation Through Comprehensive Technology (IMPACT):( Phase-2) ]- শীর্ষক প্রকল্পের বায়োগ্যাস প্লান্ট স্থাপন লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত ঋণ তহবিল, সাবসিডি তহবিলের সর্বোচ্চ ব্যবহারসহ অন্যান্য কার্যক্রম পরিচালনা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে ব্যাপক প্রযুক্তি নির্ভর সমন্বিত সম্পদ ব্যবস্থাপনা (২য় পর্যায়-১ম সংশোধিত)” [Integrated Management of Resources for Poverty Alleviation Through Comprehensive Technology (IMPACT):( Phase-2)(1<sup>st</sup> Revised) ]- শীর্ষক প্রকল্পের শুরু থেকে নভেম্বর/১৭ পর্যন্ত মাঠ কার্যালয় থেকে প্রাপ্ত প্রতিবেদন পর্যালোচনা ও পর্যালোচনা করে বাস্তবায়ন অগ্রগতির নিম্নবর্ণিত চিত্র পরিলক্ষিত হয়ঃ

কার্যক্রম	প্রকল্প মেয়াদে লক্ষ্যমাত্রা	অর্থবছর				চলতি অর্থবছর ২০১৭-১৮		ক্রমপঞ্জিত অগ্রগতি (শুরু থেকে নভেম্বর/১৭ পর্যন্ত)
		২০১৩-১৪	২০১৪-১৫	২০১৫-১৬	২০১৬-১৭	লক্ষ্যমাত্রা	অগ্রগতি (নভেম্বর/১৭ পর্যন্ত)	
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯=৩+৪+৫+৬+৮
বায়োগ্যাস প্লান্ট স্থাপন	৩১০০০টি	০	৪৯০টি	৩৫৮৫টি	৭৯৯৮টি	৯১৪০টি	২৪৯০টি	১৪৫৬৩টি
ওরিয়েন্টেশন প্রশিক্ষণ	২৬০০০জন	০	৪৩২৫জন	১০০২৫জন	৬৫৫০জন	৫১০০	১৬২৫জন	২২৫২৫জন
মেশন প্রশিক্ষণ	১৯৮০জন	০	০	৬৬০জন	৬৬০জন	৬৬০জন	৬৬০জন	১৯৮০ জন
আবর্তক ঋণ তহবিল	১০০০.০০ লক্ষ	-	-	৪৯৯.৮১লক্ষ	৩৯৯.৭৮লক্ষ	১০০.৪১লক্ষ	৭৫.০০লক্ষ	৯৭৪.৫৯ লক্ষ

০২। এ প্রকল্পের মেয়াদ জুন/২০১৮খ্রিঃ পর্যন্ত। প্রকল্প মেয়াদ সমাপ্ত হতে আর মাত্র ০৬ মাস বাকী। উল্লেখ্য, নভেম্বর-জুন মাস বায়োগ্যাস প্লান্ট স্থাপনের সবচেয়ে উৎকৃষ্ট সময়। এ সময়ে লক্ষ্যমাত্রা বাস্তবায়নে প্রকল্প সংশ্লিষ্ট সকলকে নিম্নবর্ণিত নির্দেশনা প্রতিপালনে নির্দেশক্রমে অনুরোধ করা হলোঃ

- নভেম্বর-জুন মাস প্লান্ট স্থাপনের সবচেয়ে উপযুক্ত সময় এ সময়ের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করে সর্বাত্মক প্রচেষ্টা চালিয়ে বায়োগ্যাস প্লান্ট স্থাপন লক্ষ্যমাত্রা ১০০% অর্জন করতে হবে;
- দ্রুত কারিগরী ও ঋণ সহায়তা প্রদান করতে হবে। ঋণ তহবিল বাবদ প্রাপ্ত টাকা ব্যাংকে গচ্ছিত বা অলস ফেলে না রেখে বায়োগ্যাস প্লান্ট স্থাপনে উৎসাহিত করার লক্ষ্যে প্রয়োজ্য ক্ষেত্রে ঋণ প্রদান করতে হবে। তবে অবশ্যই ঋণ আদায়ে কোন প্রকার খেলাপী রাখা চলবে না।
- প্রকল্প দলিলে প্রতিটি বায়োগ্যাস প্লান্ট স্থাপনের বিপরীতে অফেরতযোগ্য ৫০০০/- (পাঁচ হাজার) টাকা সাবসিডি প্রদানের সংস্থান রাখা হয়েছে। যথাযথভাবে নিয়মাচার অনুসরণ করে যথাসময়ে সাবসিডি প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
- দিনব্যাপি অনুষ্ঠিত ওরিয়েন্টেশন প্রশিক্ষণের মাধ্যমে উদ্বুদ্ধ করে শতভাগ অংশগ্রহণকারীদেরকে প্লান্ট স্থাপনে অগ্রসর করতে হবে।
- বর্ণিত নির্দেশনাসহ ইতিপূর্বে জারী করা পত্রের স্মারক নং-৩৪.০১.০০০০.০৩৮.৩৬.০৪৮.২০১৪-৬১৬, তারিখঃ ১০ জুলাই ২০১৭ খ্রিঃ নির্দেশনা যথাযথভাবে পালন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৩। এমতাবস্থায়, আপনার উপজেলায় ২০১৭-২০১৮ অর্থবছরে বায়োগ্যাস প্লান্ট স্থাপন লক্ষ্যমাত্রা বাস্তবায়নের জন্য যথাযথ পদক্ষেপ গ্রহণপূর্বক প্লান্ট স্থাপনের নির্ধারিত বাৎসরিক কর্মপরিকল্পনা অনুযায়ী ১০০% অর্জনের সর্বাত্মক প্রচেষ্টা গ্রহণ করতে নির্দেশক্রমে বিশেষভাবে অনুরোধ করা হলো। বিষয়টি অতীব জরুরী।

প্রাপক,

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, ..... ( ৬৬ উপজেলা)।



(মোঃ আঃ হামিদ খান)

প্রকল্প পরিচালক

ইমপ্যাক্ট (ফেজ-২) প্রকল্প

ফোন- ৯৫৮৮৩৯২, ফ্যাক্স-৯৫৭৮১০৪

e-mail:pdimpactphase2dyd@gmail.com

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ

- উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর,.....(৬১ জেলা)
- প্রোগ্রামার (আইসিটি), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা (তাকে আদেশটি ওয়েবসাইটে প্রচারের জন্য অনুরোধ করা হলো)
- উপজেলা ক্রেডিট এন্ড মার্কেটিং অফিসার/উপজেলা বায়োগ্যাস সাব-এসিস্টেন্ট ইঞ্জিনিয়ার, ইমপ্যাক্ট (ফেজ-২) প্রকল্প, যুব উন্নয়ন অধিদপ্তর,..... ( ৬৬ উপজেলা)।
- অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক/কমিউনিটি সুপারভাইজার, ইমপ্যাক্ট(ফেজ-২) প্রকল্প, যুব উন্নয়ন অধিদপ্তর,..... ( ৬৬ উপজেলা)।
- মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা
- অফিস কপি।